

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা।
Website: www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০২.০১.১৮৮(১). ১ ৫ ৬ ১

তারিখঃ ১৭/১১/১৯ খ্রি.।


বিষয়ঃ ছাগলনাইয়া ইউসিসিএলি. ফেনী এর নিজস্ব তহবিল থেকে ১ম দফায় ১২.৫০ লক্ষ টাকা ঋণ বিনিয়োগ
প্রসংগে।

সূত্রঃ বিআরডিবি, ফেনী জেলাদপ্তরের পত্র নং- ৩৩৪, তারিখঃ ৩১/১০/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাবমতে ছাগলনাইয়া ইউসিসিএলি. 'র নিজস্ব তহবিল থেকে ২০১৯-২০ অর্থবছরে ১ম দফায় আবেদনকৃত সংযুক্ত তালিকায় বর্ণিত ১৭টি সমবায় সমিতির মধ্যে হতে দ্বিতীয় দফায় প্রেরিত ০১টি সমিতির ২৬ জন সদস্যের মধ্যে গাভী পালন খাতে ১২.৫০ লক্ষ (বার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বিতরণের অনুমোদন দেয়া হলোঃ-

- ১।(ক) পূর্বের গৃহীত ঋণ সমিতি ও সদস্য কর্তৃক ১০০% পরিশোধ এবং ঋণ গ্রহীতা সদস্যদের ১০% শেয়ার ১০% সঞ্চয় জমা থাকতে হবে। সরেজমিনে সমিতি পরিদর্শনপূর্বক সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণ আদায়ের বিষয়টি নিশ্চিত হয়ে মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করতে হবে। কিস্তিতে ঋণ আদায় মনিটর করতে হবে এবং কিস্তিতে ঋণ আদায় না হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - (খ) ঋণ গ্রহীতা সমিতির খাতাপত্র হালনাগাদসহ সমিতির সাইনবোর্ড আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সমিতির সভ্য রেজিস্ট্রার ইউসিসিএতে সংরক্ষিত সভ্য তালিকার সাথে যথাযথভাবে যাচাই করে মিলিয়ে নিতে হবে।
 - (গ) নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ সরকার প্রদত্ত কোনরূপ (আসল, সুদ ও দন্ডসুদ) মওকুফ বা রেয়াতী সুবিধার আওতাভুক্ত হবে না। ঋণ বিতরণের পূর্বেই এমর্মে ঋণ গ্রহীতাদের নিকট থেকে অঙ্গীকার পত্র গ্রহণ করতে হবে।
 - (ঘ) বিআরডিবি'র স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫০২.০৫.১৩৬.০১.৩৩১৯ তাং-০৬/৬/১৮ খ্রি. মূলে জারিকৃত ইউসিসিএলি. 'র নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণের সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে এবং সর্বোচ্চ সতর্কতা ও স্বচ্ছতা অবলম্বন করতে হবে। ঋণের সেবামূল্য সরল হারে (Flat rate method) বার্ষিক ১১% হবে।
 - (ঙ) নিজস্ব তহবিলের ঋণ বিনিয়োগের সংশোধিত নীতিমালার ১৪ নং-শর্তানুসারে নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ আদায়ের জন্য সংশ্লিষ্ট ইউসিসিএ'র কার্য-নির্বাহী পরিষদ, সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ দায়ী থাকবেন।
 - (চ) ঋণ গ্রহণেছু সদস্যগণের ঋণ প্রক্রিয়াকরণের সময় জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত (এআরডিও কর্তৃক) কপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। ঋণ বিতরণের সময় জাতীয় পরিচয় পত্রের মূল কপির সাথে সদস্যের স্বাক্ষর, ছবি ও অন্যান্য তথ্য মিলিয়ে দেখতে হবে। ঋণ গ্রহীতার নাম ও অন্যান্য তথ্য সভ্য রেজিস্ট্রারের সাথে মিল থাকতে হবে।
 - (ছ) আদায় অগ্রগতি নিয়মিত মনিটর করার জন্য সাপ্তাহিক ঋণ আদায় শীট (WCS) ব্যবহার নিশ্চিত করতে হবে।
 - (জ) নিজস্ব তহবিল ঋণ বিনিয়োগ অনুমোদন সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র স্মারক নং-৬১২ তারিখ ০৮/০২/১৮খ্রি. নির্দেশনা মোতাবেক প্রেরণ নিশ্চিত করতে হবে। অন্যথায় ঋণ বিনিয়োগ অনুমোদন করা হবে না।
- ২। উপপরিচালক, ফেনী এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ছাগলনাইয়া ইউসিসিএলি. 'র. ঋণ বিতরণ কার্যক্রম ব্যক্তিগতভাবে তদারকি করে সূষ্ঠা বিতরণ নিশ্চিত করবেন, যাতে ১০০% ঋণ ও সেবামূল্য আদায় নিশ্চিত হয়। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।
 - ৩। ঋণ বিতরণের পূর্বে সংশ্লিষ্ট সমিতির নামে আনুপাতিক হারে শেয়ার ও সঞ্চয় জমা নিশ্চিত করতে হবে।
 - ৪। ঋণ বিতরণের তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সমবায়ীদেরকে ঋণের সঠিক ব্যবহার ও যথাসময়ে ঋণ পরিশোধে উদ্বুদ্ধ করবেন।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১টি সমিতির নামের তালিকা।



আব্দুর রশিদ
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ৮১৮০০০৬

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ফেনী।

জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপিঃ-

- ১। সভাপতি/ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ছাগলনাইয়া ইউসিসিএলি., ফেনী।
- ২। উপপরিচালক (প্রোগ্রামিং) বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সরেজমিন বিভাগ, ঋণ শাখা।


২০১৯-২০ অর্থবছরের ছাগলনাইয়া ইউসিসিলি. 'র নিজস্ব তহবিল থেকে ১ম দফায় মঞ্জুরীকৃত ০১টি প্রাথমিক সমবায় সমিতির নামের তালিকা।

(লক্ষ টাকায়)।

ক্র: নং	সমিতির নাম	সদস্য সংখ্যা	ঋণের খাত	২০১৯-২০ অর্থ বছরে নিজস্ব তহবিল থেকে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত ঋণ
০১	হরিপুর পূর্ব কেএসএস	২৬	গাভী পালন	১২.৫০
	মোটঃ	২৬	গাভী পালন	১২.৫০

(বার লক্ষ পঞ্চাশ হাজার টাকা)


মোঃ রাশেদ আলম
সহকারী পরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।


সুকুমার চন্দ্র দাস
মুগা পরিচালক (সিসিএম)
বিআরডিবি, ঢাকা।